# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৪২৮

১৩/ বিচার ও বিধান (كتاب الأحكام)

পরিচ্ছেদঃ ১৩/৫৮. দেনার কারণে আটক করা এবং পেছনে লেগে থাকা

بَاب الْحَبْسِ فِي الدَّيْنِ وَالْمُلاَزَمَةِ

আরবী

حَدَّثَنَا هَدِيَّةُ بْنُ عَبْدِ الْوَهَّابِ، حَدَّثَنَا النَّضْرُ بْنُ شُمَيْلٍ، حَدَّثَنَا الْهِرْمَاسُ بْنُ حَبِيبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ أَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم بِغَرِيمٍ لِي فَقَالَ لِي " الْزَمْهُ " . ثُمَّ مَرَّ بِي آخِرَ النَّهَارِ فَقَالَ " مَا فَعَلَ أَسِيرُكَ يَا أَخَا بَنِي تَمِيمٍ " .

বাংলা

২/২৪২৮। হিরমাস ইবনে হাবীব (রাঃ) থেকে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি আমার এক দেনাদারকে নিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এলাম। তিনি বলেনঃ এর পিছে লেগে থাকো। অতঃপর দিনের শেষে তিনি আমার নিকট নিয়ে যাওয়ার সময় বলেনঃ হে তামীম গোত্রের ভাই! তোমার কয়েদী কি করছে?

## English

Hirmas bin Habib narrated from his father that his grandfather said:
“I came to the Prophet (ﷺ) with a man who owed me money, and he said to me: 'Keep him.' Then he passed by me at the end of the day and said: 'What did your prisoner do, O brother of Banu Tamim?' ”

ফুটনোট

আবূ দাউদ ৩৬২৯। তা'লীক আলা ইবনু মাজাহ।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. হাদিয়্যাহ বিন আবদুল ওয়াহহাব সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। ইবনু আবু আসিম বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো সন্দেহ করেন। ইমাম যাহাবী

বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৫৫৪, ৩০/১৫৮ নং পৃষ্ঠা) ২. হিরমাস বিন হাবীব সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি একজন গ্রাম্যলোক তার থেকে নাদর ব্যাতিত কেউ হাদিস বর্ণনা করেনি। আহমাদ বিন হাম্বল বলেন, আমি তাকে চিনি না। তাহরীরু তাকরীবুত তাহযীব এর লেখক বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৫৫৮, ৩০/১৬২ নং পৃষ্ঠা) ৩. হাবীব সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তার পরিচয় সম্পর্কে জানা যায়না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। (তাহযীবুল কামালঃ রাবী নং ১১০৬, ৫/৪১০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=43044

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন